

মন্ত্রিপরিষদের সিদ্ধান্ত

**প্রকৌশল কলেজগুলো
স্বায়ত্তশাসিত প্রযুক্তি
ইনস্টিটিউট হলো**

মন্ত্রিপরিষদ আজ প্রকৌশল কলেজগুলোর সমস্যা সম্পর্কে উপ-রাষ্ট্রপতির নেতৃত্বে গঠিত বিশেষ কার্ডিনাল কমিটির সুপারিশসমূহ বিবেচনা করেন। প্রকৌশল কলেজগুলোর শিক্ষার মান উন্নয়নের প্রাথমিক পদক্ষেপরূপে দেশের ৪টি প্রকৌশল কলেজকে স্বায়ত্তশাসিত বাংলাদেশ ইনস্টিটিউট অব টেকনোল

জিতে রূপান্তরিত করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে। এই রূপান্তর আগামী ১লা জুলাই থেকে কার্যকর হবে এবং এজন্য আইনগত ব্যবস্থাাদি অবিলম্বে সম্পন্ন করা হবে। এই রূপান্তরের প্রাথমিক ব্যবস্থাাদি সম্পন্ন করার জন্য একটি প্রস্তুতি কমিটিও গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়।

প্রকৌশল কলেজগুলোর উন্নয়নের জন্য শ্বিতীয় পাঁচসালী পরিকল্পনা কালে যেসব প্রকল্প রয়েছে মন্ত্রিপরিষদ সেগুলোর বাস্তবায়নে অগ্রাধিকার প্রদানের নির্দেশ দান করেন। এছাড়া শিক্ষক স্বল্পতা ত্বরিত সমাধানের লক্ষ্যে দেশের ভিতর ও সাময়িকভাবে বাইরে থেকে শিক্ষক সংগ্রহ এবং শিক্ষকগণের উচ্চশিক্ষা ও প্রশিক্ষণের বিষয়েও ব্যবস্থা গ্রহণের নির্দেশ দেয়া হয়।

এসব গৃহীত ব্যবস্থাাদির পরিপ্রেক্ষিতে সরকার আশা করেন যে সকল প্রকৌশল কলেজের শিক্ষকগণ অবিলম্বে কাজে যোগদান করে কলেজগুলো চালু করার ব্যবস্থা গ্রহণ করবেন। খবর তথা বিবরণীর